



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

তারিখ: ১৯.০৬.২০২৩

প্রেস রিলিজ

পাবিপ্রবিতে প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ সোমবার ১৯ জুন ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ে কয়েকটি ব্যাচে প্রশিক্ষণ কর্মশালাগুলো অনুষ্ঠিত হয়েছে। কর্মশালা উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন। এতে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. এসএস মোস্তফা কামাল খান, কোষাধ্যক্ষ কে এম সালাহ উদ্দীন এবং রেজিস্ট্রার বিজন কুমার ব্রহ্ম। উদ্বোধনী অনুষ্ঠানে অতিথি হিসেবে ভারুয়ালি সংযুক্ত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সচিব ড. ফেরদৌস জামান।



কর্মশালায় রিসোর্স পারসন ছিলেন মঞ্জুরী কমিশনের জ্যেষ্ঠ সহকারি পরিচালক রবিউল ইসলাম, মো. মামুন এবং জহিরুল ইসলাম। উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন বলেন, জ্ঞান বিনিময়ের মাধ্যমে জ্ঞান বাড়ে। জ্ঞানকে ছড়িয়ে দিতে হবে। আমাদের প্রতিটি কাজে সততা, স্বচ্ছতা, জবাবদিহিতা ও দায়িত্ববোধ আনতে হবে।



পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ দপ্তর

ফোন : ০৭৩১-৬৪৯৮১
ফ্যাক্স : ০৭৩১-৬৫১৩৪

অভিযোগ সমাধানের বিষয়ে কাজ করতে হবে। আমাদের চিন্তা-চেতনাকে ভালো কাজে ব্যবহার করতে হবে। সবাই মিলে একসাথে কাজ করলে আমরা আরও এগিয়ে যাব।

উপ-উপাচার্য অধ্যাপক ড. এসএস মোস্তফা কামাল খান বলেন, আমাদের দায়বদ্ধতার জায়গা থেকে যার যার দায়িত্ব পালন করতে হবে। সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে আমরা বিশ্ববিদ্যালয়কে সামনে এগিয়ে নিয়ে যেতে পারব বলে আমি বিশ্বাস করি।

কোষাধ্যক্ষ কে এম সালাহ উদ্দীন বলেন, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের ক্ষেত্রে ই-গভর্নেন্সের কোনো বিকল্প নেই। প্রযুক্তির মাধ্যমে সেবা নিশ্চিত করতে হবে। দুর্নীতিমুক্ত বাংলাদেশ গঠনে সবাইকে নিয়ে একসাথে কাজ করতে হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (আইকিউএসি)-এর পরিচালক অধ্যাপক ড. মীর খালেদ ইকবাল চৌধুরী। সার্বিক তত্ত্বাবধানে ছিলেন আইকিউএসি'র অতিরিক্ত পরিচালক অধ্যাপক ড. শেখ রাসেল আল-আহম্মেদ এবং সহযোগী অধ্যাপক ড. মো. নূর আলম।

ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল-এর উদ্যোগে বিভিন্ন বিভাগের শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারী প্রশিক্ষণে অংশগ্রহণ করেন। সকাল সাড়ে ৯টায় শুরু হয়ে বিকাল ৪টায় কর্মশালা শেষ হয়। কর্মশালাটি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার ভবনের ভার্চুয়াল শ্রেণিকক্ষে অনুষ্ঠিত হয়।

(মো.বাবুল হোসেন)

জনসংযোগ কর্মকর্তা

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়